দৈনিক বাংলা

তারিখ 07 FEB 1993
পৃষ্ঠা ৬ কলাম ২

# দেশের সার্বিক উন্নয়নে শিক্ষার কোন বিকল্প নেই

টাঙ্গাইল, ৬ ফেব্রুয়ারী।– নারী শিক্ষার প্রসার ও শিক্ষার আলো ঘরে ঘরে পৌঁছে দেয়ার লক্ষ্যে টাঙ্গাইল জেলার বাজিতপুরে 'আদি টাঙ্গাইল কালিকা উচ্চ বিদ্যালয় নামে' একটি স্কুল প্রতিষ্ঠিত হয়েছে।

এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ত্রাণ প্রতিমন্ত্রী বলেন, শিক্ষা উন্নয়নের চাবিকাঠি এবং শিক্ষিত জনগণই কেবলমাত্র পারে নিজ চেষ্টায় নিজ ভাগ্য পরিবর্তন করতে। তিনি বলেন, নিরক্ষরতাই আমাদের উন্নয়নের সবচেয়ে বড় বাধা। দেশের সার্বিক উন্নতি ও অগ্রগতির জন্য শিক্ষার কোন বিকল্প নেই। প্রতিমন্ত্রী নারী শিক্ষার উপর গুরুত্বারোপ করে বলেন, মোট জনসংখ্যার অর্ধেক নারী—তাদের শিক্ষার আলো থেকে বঞ্চিত রেখে দেশের সার্বিক উন্নয়ন সাধন সম্ভব নয়।

ত্রাণ প্রতিমন্ত্রী লুৎফর রহমান খান শুক্রবার এ স্কুলটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। স্বাস্থ্য উপমন্ত্রী সিরাজুল হক, টাঙ্গাইল জেলা বিএনপি'র সভাপতি হামিদুল হক মোহনসহ বহু গণ্যমান্য ব্যক্তি উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রাথমিক পর্যায়ে এ স্কুলে ষষ্ঠ শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষাদান করা হবে। এজন্য বর্তমান বছরে এ পর্যন্ত মোট ১৩৮ জন ছাত্রী ভর্তি করা হয়েছে। খবর তথ্য বিবরণীর।

লুৎফর রহমান খান বলেন, বর্তমান জাতীয়তাবাদী গণতান্ত্রিক সরকারের লক্ষ্যই হচ্ছে দেশের প্রতিটি নাগরিককে শিক্ষায়, অর্থে, খাদ্যে স্বাবলম্বী করা। তিনি বলেন, সেজন্য সরকার একটার পর একটা যুগান্তকারী কর্মসূচী বাস্তবায়ন করে চলেছে। এ প্রসঙ্গে জনাব খান খাল খনন কর্মসূচী, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা কার্যক্রম গ্রহণ এবং উন্মুক্ত ও জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কথা উল্লেখ করেন।

স্বাস্থ্য উপমন্ত্রী সিরাজুল হক দেশের অগ্রগতি ও উন্নতির জন্য শিক্ষার বিকল্প নেই উল্লেখ করে বলেন, শিক্ষা ছাড়া কোন জাতিই এ পর্যন্ত উন্নত হতে পারেনি।

তিনি শিক্ষার আলো ঘরে ঘরে ছড়িয়ে দেয়ার জন্য জনগণকে সরকার গৃহীত সকল কর্মসূচী সফলভাবে বাস্তবায়নে সাহায্য ও সহযোগিতা করার আহবান জানান।